# মুন্সিগঞ্জ পৌরসভা কার্যালয়

মুন্সিগঞ্জ।

## মুন্সিগঞ্জ পৌরসভার ২০২৩-২৪ অর্থ বৎসরের সংশোধনী বাজেট ও ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট সভার কার্যবিবরণী ঃ

সভার তারিখ ঃ ০৬/০৬/২০২৪খ্রিঃ
সময় ঃ ১২:০০ ঘটিকায়
স্থান ঃ পৌরসভার সভা কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ **পরিশিষ্ট 'ক'**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাজেট সভার কাজ শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোঃ সাইদুল ইসলাম, পৌর নির্বাহী কর্মকর্তা, মুন্সিগঞ্জ পৌরসভা, মুন্সিগঞ্জ।

**সভার আলোচ্য বিষয় ঃ**

১। চলতি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের সংশোধিত বাজেট অনুমোদন।

২। আগামী ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট অনুমোদন।

৩। বিবিধঃ

মুন্সিগঞ্জ পৌরসভার মেয়র জনাব চৌধুরী ফাহরিয়া আফরিন বলেন, মুন্সিগঞ্জ পৌরসভা ১৯৭২ সালে প্রতিষ্ঠিত জেলা সদরে অবস্থিত ৪৪ বছরের একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী পৌরসভা। বর্তমানে পৌর এলাকায় প্রায় এক লক্ষ লোকের বসবাস। প্রথম শ্রেণীর পৌরসভা হিসাবে যে সকল নাগরিক সুযোগ সুবিধা থাকা প্রয়োজন সম্পদের সল্পতার কারনে তার অনেক কিছুই এখানো পূরণ করা সম্ভব হয়নি। ড্রেন, রাস্তা, ব্রিজ, বিনোদন মূলক কার্যক্রম সহ বিভিন্ন খাতে রয়েছে অবকাঠামোগত নানাবিধ সমস্যা। মানুষ শহরমুখী হওয়া এবং শহরতলীতে অপরিকল্পিতভাবে নিচু জমি ভরাটের মাধ্যমে বিক্ষিপ্তভাবে বাড়ী-ঘর নির্মাণের ফলে জলাবদ্ধতাসহ নানামূখী সমস্যার সৃষ্টি হচ্ছে। ফলে নগরের উন্নয়নে নতুন ভাবে চিন্তা ভাবনা করতে হচ্ছে। এ লক্ষ্যে আমরা ইতিমধ্যে মাষ্টারপ্ল্যান প্রনয়ণের কাজ হাতে নিয়েছি। আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে নানাবিধ সমস্যা ও সীমিত সম্পদের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে নাগরিক সুযোগ সুবিধা বৃদ্ধির চেষ্টা চলছে।

মেয়র, মুন্সিগঞ্জ পৌরসভা বলেন ২০২৪-২০২৫ ইং বৎসরের বাজেটে মোট আয়ের প্রস্তাব করা হয়েছে = ৯৩,৫৮,৫৭,৬৪৭.০০ টাকার মধ্যে মোট রাজস্ব আয় ধরা হয়েছে = ১৭,৩৯,৩২,২১২.০০ টাকা উন্নয়ন হিসাবে মোট আয় ধরা হয়েছে = ৭৬,১৯,২৫,৪৩৫.০০ টাকা মূলধন আয় বাবদ = ২,৪২,৫০,৫০০.০০ টাকা। ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের মোট ব্যয় ধরা হয়েছে = ৫৭,০৬,৬৬,৫২৫.০০ টাকা, রাজস্ব হিসাবে ব্যয় = ১৭,১৯,৬৭,৭৬০.০০ টাকা এবং উন্নয়ন হিসাবে ব্যয় = ৩৯,৮৬,৯৮,৭৬৫.০০ টাকা, মূলধন হিসাবে ব্যয় = ২,৫২,৫০,০০০.০০ টাকা, মোট সমাপ্তি জের = ৪,৯৫,৯৯,০৮২.০০ টাকা।

তিনি বলেন মেয়র হয়ে আমি এবং আমাদের পরিষদের বাজেট হিসাবে পৌরসভার বিভিন্ন সমস্যা সমাধান এবং পৌরসভার উন্নয়নে ইতিমধ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহন করেছি। দ্বিতীয় বার নির্বাচিত হওয়ার পর পরই আমরা বেশকিছু পরিকল্পনা হাতে নিয়েছি তারমধ্যে রয়েছে পৌরসভার জন্য মাষ্টার প্লান তৈরী করা। পৌরসভার রাস্তা ও ড্রেনের ব্যাপক উন্নয়ন এবং সৌন্দর্য বর্ধন, শেখ রাসেল শিশু পার্ক নির্মাণ করা। ইতিমধ্যে গুরুত্বপূর্ণ নগর উন্নয়ন প্রকল্প, ৩৭ জেলা শহর উন্নয়ন প্রকল্প, জলবায়ু তহবিল উন্নয়ন প্রকল্পগুলি সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পগুলির আনুমানিক প্রায় ৪০ (চল্লিশ) কোটি টাকার কাজ চলমান রয়েছে।

তিনি বলেন আপনারা জেনে অত্যন্ত আনন্দিত হবেন যে, পৌর কর্তৃপক্ষের একান্ত প্রচেষ্টা এবং আপনাদের সহযোগিতায় এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় সমন্বিত নগর উন্নয়ন প্রকল্প (IUDP), জলবায়ু তহবিল উন্নতিকরণ প্রকল্প, গুরুত্বপূর্ণ নগর উন্নয়ন প্রকল্প, ৩৭ জেলা শহর উন্নয়ন প্রকল্প, পৌরসভা পরিচ্ছন্নতার কর্মীদের আবাসিক ভবন নির্মাণ প্রকল্প, জেলা পর্যায়ে স্লটার হাউজ, সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (AIIB), লোকাল গর্ভমেন্ট কোভিড- ১৯ রেসপনন্স এন্ড রিকোভারী প্রজেক্ট (LGCRRP), "দেব্যাপি সমন্বিত স্যানিটেশন ও হাইজিন (সমন্বিত কঠিন ও মানব বর্জ্য ব্যবস্থাপনা)" শীর্ষক প্রকল্প রয়েছে। যাহার মোট ব্যয় ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা। এই প্রকল্পের অধীনে ট্রিটমেন্ট প্লান, পানির লাইন সম্প্রসারণ, ওভার হেড ট্যাংকি নির্মাণ এবং স্যানিটেশন কার্যক্রম চলমান। এই প্রকল্পগুলো বাস্তবায়িত হলে রাস্তা, ড্রেন, কালভার্ট ও অন্যান্য সমস্যা সমাধান হবে। মুন্সিগঞ্জ পৌরবাসীর জন্য শেখ রাসেল শিশু পার্ক নির্মাণ কাজ শুরু হয়েছে।

হোল্ডিং ট্যাক্স, পানির বিল সহ ট্রেড লাইসেন্স ফি কমপক্ষে ৯৮% আদায় করতে হবে এবং যাবতীয় বকেয়া পরিশোধ করতে হবে। আপনাদের সকলের সার্বিক সহযোগিতায় নিজস্ব (রাজস্ব) আদায়ের হার ইতিমধ্যে উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং আগামীতে আরো বৃদ্ধি পাবে।

মুন্সিগঞ্জ পৌরসভার মেয়র জনাব চৌধুরী ফাহরিয়া আফরিন বলেন পৌরসভা একটি সেবামূলক প্রতিষ্ঠান। জনগনের দেয়া কর, সরকারী অনুদান ইত্যাদি দিয়ে পৌরবাসীর সেবা প্রদান করা হয়। পৌরসভা পৌরবাসীর নিকট থেকে যে কর বা রেইট গ্রহণ করে তা অত্যন্ত অপ্রতুল। পৌরসভা বিরাট ভর্তূকি দিয়ে সেবা খাতে সেবা দিয়ে থাকে।

আজকের এই বাজেট আপনাদের সানুগ্রহ উপস্থিতি এই অনুষ্ঠানকে আরো সমৃদ্ধ করেছে। আপনাদের সার্বিক সহযোগিতায় পৌরসভার সার্বিক রাজস্ব আদায় কার্যক্রম জোরদার, অবৈধ স্থাপনা উচ্ছেদসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম ত্বরান্বিত হবে। রাজস্ব আদায়ে সহযোগিতার জন্য আপনাদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞ। ভবিষ্যতে ও এ সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

এ পর্যায়ে মেয়র মুন্সিগঞ্জ পৌরসভা, পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা মোঃ সাইদুল ইসলাম, হিসাব রক্ষন কর্মকর্তা মোঃ কামরুল আলমকে ২০২৩-২০২৪ সংশোধিত এবং ২০২৪-২০২৫ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করতে বলেন। এরপর হিসাব রক্ষন কর্মকর্তা ২০২৪-২০২৫ অর্থ বৎসের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বৎসের সংশোধিত বাজেট সভায় আলোচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

উপস্থাপিত বাজেট এর বিভিন্ন দিক নিয়ে উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।উন্মুক্ত মতবিনিময় সভা ও TLCC সভায় উপস্থাপিত কিছু সুপারিশ নিয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনা করে এবং উপস্থাপিত মতামত, পরামর্শ ও সুপারিশের ভিত্তিতে ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বৎসরের সংশোধিত বাজেট সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। যার সংক্ষিপ্ত আকার নিম্নরূপ :

| ক্রঃ নং | বিবরণ | ২০২২-২০২৩ বাজেট বা প্রকৃত ব্যয় | ২০২৩-২০২৪ সংশোধিত বাজেট | ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|
| ক) | **রাজস্ব হিসাব ঃ** | | | |
| | উপাংশ-১ এর আয় | ১২৮,৩০০,৪৭৮.০৫ | ১১৪,৪৭৯,৮২৪.২০ | ১৬০,৪৮৫,৩২২.০০ |
| | উপাংশ-২ এর আয় | ১১,৮০২,০৩৪.০০ | ১৬,৪১৩,৪৫৫.০০ | ১৩,৪৪৬,৮৯০.০০ |
| | **মোট রাজস্ব আয় =** | **১৪০,১০২,৫১২.০৫** | **১৩০,৮৯৩,২৭৯.২০** | **১৭৩,৯৩২,২১২.০০** |
| | **বাদ- রাজস্ব ব্যয় ঃ** | | | |
| | উপাংশ-১ এর ব্যয় | ১১৪,৫০০,১৭৭.৪৮ | ১২২,৭০১,১১২.০০ | ১৫৯,১৫৩,১৪০.০০ |
| | উপাংশ-২ এর ব্যয় | ১২,৬৬৩,৩১৯.০০ | ১২,০৬৬,৭৮৮.০০ | ১২,৮১৪,৬২০.০০ |
| | **মোট রাজস্ব ব্যয় =** | **১২৭,১৬৩,৪৯৬.৪৮** | **১৩৪,৭৬৭,৯০০.০০** | **১৭১,৯৬৭,৭৬০.০০** |
| | **সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত =** | **১২,৯৩৯,০১৫.৫৭** | **-৩,৮৭৪,৬২০.৮০** | **১,৯৬৪,৪৫২.০০** |
| খ) | **উন্নয়ন আয় হিসাব ঃ** | | | |
| | সরকারী অনুদান | ৭,৯৯৮,০০০.০০ | ৯,২৯২,০০০.০০ | ৬০,৯৫০,০০০.০০ |
| | রাজস্ব উদ্বৃত্ত স্থানান্তর | ২৭,০৮০,৬৩৭.০০ | ৩১,৩৮০,২৩৮.০০ | ৩০,১৬০,১৮৮.০০ |
| | সমন্বিত নগর উন্নয়ন প্রকল্প (IUDP) | ০.০০ | ০.০০ | ৪০০,০০০,০০০.০০ |
| | জলবায়ু তহবিল উন্নতিকরণ প্রকল্প | ৭,৫০০,০০০.০০ | ০.০০ | ০.০০ |
| | গুরুত্বপূর্ণ নগর উন্নয়ন প্রকল্প | ২৪,৭৯৯,৮৮০.০০ | ০.০০ | ০.০০ |
| | ৩৭ জেলা শহর উন্নয়ন প্রকল্প | ৩,৪৮৮,১৫৬.০০ | ০.০০ | ০.০০ |
| | পৌরসভা পরিচ্ছন্নতার কর্মীদের আবাসিক ভবন নির্মাণ প্রকল্প | ০.০০ | ০.০০ | ১৫০,০০০,০০০.০০ |
| | জেলা পর্যায়ে স্টার হাউজ | ০.০০ | ০.০০ | ১২,০০০,০০০.০০ |
| | সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (AIIB) | ০.০০ | ০.০০ | ১০,০০০,০০০.০০ |
| | লোকাল গর্ভমেন্ট কোভিড- ১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রজেক্ট (LGCRRP) | ১১,২১৫,১৬৬.০০ | ৫১,৪৭২,৫৯১.০০ | ৫১,৮১৫,২৪৭.০০ |
| | "দেশব্যাপি সমন্বিত স্যানিটেশন ও হাইজিন (সমন্বিত কঠিন ও মানব বর্জ্য ব্যবস্থাপনা)" শীর্ষক প্রকল্প | ০.০০ | ০.০০ | ৩০,০০০,০০০.০০ |
| | অন্যান্য | ৩,৯৬৩,৫১২.০০ | ৬,৩০৮,৩৭০.০০ | ১৭,০০০,০০০.০০ |
| | **মোট উন্নয়ন আয় হিসাব =** | **৮৬,০৪৫,৩৫১.০০** | **৯৮,৪৫৩,১৯৯.০০** | **৭৬১,৯২৫,৪৩৫.০০** |
| | বাদ- উন্নয়ন ব্যয় | ৭১,৮৭৮,১৯৬.০০ | ১০৭,২৬৫,৫২৬.০০ | ৩৯৮,৬৯৮,৭৬৫.০০ |
| | মোট আয় (রাজস্ব + উন্নয়ন) | ২২৬,১৪৭,৮৬৩.০৫ | ২২৯,৩৪৬,৪৭৮.২০ | ৯৩৫,৮৫৭,৬৪৭.০০ |
| | মোট ব্যয় (রাজস্ব + উন্নয়ন) | ১৯৯,০৪১,৬৯২.৪৮ | ২৪২,০৩৩,৪২৬.০০ | ৫৭০,৬৬৬,৫২৫.০০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ ঘাটতি | ২৭,১০৬,১৭০.৫৭ | -১২,৬৮৬,৯৪৭.৮০ | ৩৬৫,১৯১,১২২.০০ |
| | যোগ- প্রারম্ভিক জের | ৫৭,১৬৩,৮৮৫.০০ | ৮৭,০৪৬,৪০১.০০ | ৫৫,৯৬২,০৪২.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | সমাপ্তি জের | ৬৬,৪৭৪,৫৯৪.৫২ | ৪৯,৫২৭,৯৫৭.২০ | ৪৮,৯০৯,৫৩২.০০ |
| গ) | **মূলধন হিসাব ঃ** | | | |
| | মোট আয় | ১৭,৬০৬,২৬৩.০০ | ২১,২৫০,০০০.০০ | ২৪,২৫০,৫০০.০০ |
| | প্রারম্ভিক জের | ৩২৬,৯০৫.০০ | ৫৭৯,৫০৮.০০ | ১,৬৮৯,০৫০.০০ |
| | **উপ-মোট =** | **১৭,৯৩৩,১৬৮.০০** | **২১,৮২৯,৫০৮.০০** | **২৫,৯৩৯,৫৫০.০০** |
| | মোট ব্যয় | ২০,৫৯৮,৮৫৫.০০ | ২১,২৫০,০০০.০০ | ২৫,২৫০,০০০.০০ |
| | মূলধন হিসাবের সমাপ্তি জের | ২,০৫৯,৫০৪.০০ | ৫৭৯,৫০৮.০০ | ৬৮৯,৫৫০.০০ |

আপনাদের সহযোগিতায় আমি আমার দায়িত্ব যথাযথ ভাবে পালন করার চেষ্টা করব। এ ক্ষেত্রে ত্রুটি বিচ্যুতি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার সবিনয় অনুরোধ করছি। ভবিষ্যতে আমি মুন্সিগঞ্জ পৌরসভাকে একটি আধুনিক শহরে রুপান্তরের প্রচেষ্টা অব্যাহত রাখব। পৌর পরিষদের মেয়রের ১ম বাজেট আপনাদের সামনে উপস্থাপন করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। সেই সাথে আপনারা শত ব্যস্ততার মাঝেও আজকের বিশেষ সভায় যোগদান করে অতীতের ন্যায় গঠন মূলক আলোচনা ও পরামর্শ প্রদান করে এই বাজেট প্রণয়নে সহায়তা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি বিভিন্ন সমস্যা ও তার সমাধান কল্পে আপনাদের পরামর্শ এই শহরকে একটি আধুনিক সুন্দর শহররূপে গড়ে তোলার কাজে সক্রিয় ভূমিকা রাখবে। পৌরসভার নিজস্ব (রাজস্ব) তহবিল ও সরকারী উন্নয়ন অনুদানের অর্থে টেন্ডারকৃত সকল তদারকি ও আপনাদের সার্বিক সহযোগিতায় কাজের গুনগত মান বজায় রাখতে সহায়তা করবে।

উক্ত বাজেট অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে মেয়র মুন্সিগঞ্জ পৌরসভা পৌর পরিষদের সকল সম্মানিত কাউন্সিলরগণ এবং পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারী সহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(চৌধুরী ফাহরিয়া আফরিন)
মেয়র
মুন্সিগঞ্জ পৌরসভা।

স্মারক নংঃ- মুঃপৌঃ/প্রশাঃ/হিসাব/২৪ তারিখঃ-

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে

২। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা।

৩। অফিস নথি।

(চৌধুরী ফাহরিয়া আফরিন)
মেয়র
মুন্সিগঞ্জ পৌরসভা।